

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট  
বাক্বি চত্বর, ময়মনসিংহ।

সূত্র নং-১২.২৪.০০০০.৩০২.০৩.০১৮.১৭.৩২১

তারিখঃ ০৫-০৬-২০১৮ খ্রিঃ

বিষয় : বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের মাসিক সমন্বয় সভায় কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২০-০৫-২০১৮ খ্রিঃ তারিখে বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের মাসিক সমন্বয় সভা মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে ইনস্টিটিউটের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হল।

Mamun  
05/06/18

(মোঃ শাহ আবদুল্লাহ আল মামুন)

এসও

পরিকল্পনা ও উন্নয়ন শাখা

বিতরণঃ (জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। সিএসও (আরসি), বিনা, ময়মনসিংহ।
- ২। সকল সিএসও, বিনা, ময়মনসিংহ।
- ৩। বিভাগীয় প্রধান/শাখা প্রধান, ....., বিনা, ময়মনসিংহ।
- ৪। শাখা প্রধান, ইলেকট্রনিক্স শাখা, বিনা, ময়মনসিংহ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিনা, ময়মনসিংহ।
- ৫। নির্বাহী প্রকৌশলী, বিনা, ময়মনসিংহ।
- ৬। উপ-পরিচালক (প্রশাসন), বিনা, ময়মনসিংহ।
- ৭। উপ-পরিচালক (অর্থ), বিনা, ময়মনসিংহ।
- ৮। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিনা, ময়মনসিংহ।
- ৯। পরিচালক (প্রশাঃ ও সাঃ সাঃ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিনা, ময়মনসিংহ।
- ১০। পরিচালক (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিনা, ময়মনসিংহ।
- ১১। পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিনা, ময়মনসিংহ।
- ১২। সংশ্লিষ্ট নথি।

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট  
বাকুবি চত্বর, ময়মনসিংহ

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

১. সভার সভাপতি : ড. বীরেশ কুমার গোস্বামী  
মহাপরিচালক, বিনা, ময়মনসিংহ।
২. সভার তারিখ ও সময় : ২০ মে ২০১৮ খ্রিঃ, দুপুর ২.০০ ঘটিকায়।
৩. স্থান : সভাকক্ষ, বিনা, ময়মনসিংহ।
৪. উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক
৫. আলোচনা ও সিদ্ধান্ত : উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। ২৪ এপ্রিল, ২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয় ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন	(১) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন আরো গুরুত্বসহকারে প্রস্তুত করে প্রতি মাসে সভায় উপস্থাপন করতে হবে। (২) উপকেন্দ্রসমূহের গবেষণা সংক্রান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন সিএসও(আরসি) এর মাধ্যমে প্রতি মাসের ৫ তারিখের মধ্যে পরিকল্পনা ও উন্নয়ন শাখায় প্রেরণ করতে হবে।	পরিকল্পনা ও উন্নয়ন শাখা  সিএসও (আরসি)
২.	ওয়েবসাইট হালনাগাদকরণ	(১) বিনা'র ওয়েবসাইট হালনাগাদকরণ সংক্রান্ত তথ্য সমন্বয় সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে। বিনা'র ওয়েবসাইটে উল্লেখযোগ্য কার্যক্রম (প্রয়োজনীয় ক্ষেত্রে সচিত্র তথ্যসহ) নিয়মিতভাবে আপলোড করতে হবে। (২) উদ্ভাবিত বিভিন্ন ফসলের নতুন নতুন জাত/প্রযুক্তিসমূহের তথ্য ভিডিওসহ ওয়েবসাইটে আপলোড করতে হবে। (৩) বিনা'র কার্যক্রম সংক্রান্ত ছোট ছোট ভিডিও ক্লিপ আপলোড করতে হবে।	সকল বিভাগীয় প্রধান/ ইলেকট্রনিক্স শাখা
৩.	অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় এবং দ্বি-পক্ষীয় অডিট কমিটির কার্যক্রম জোরদারকরণ	(১) অডিট আপত্তি নিষ্পত্তির জন্য দ্রুত দ্বিপক্ষীয় সভা করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। (২) অডিট আপত্তি বিষয়ক ১ দিনের একটি সচেতনতামূলক কর্মশালার আয়োজন করতে হবে।	পরিচালক (প্রশাঃ ও সাঃ সাঃ)/ উপ-পরিচালক (অর্থ)
৪.	অবসর সুবিধা প্রদানের আবেদন নিষ্পত্তি।	অবসর সুবিধা প্রদানের আবেদন কর্মচারীগণের অবসরে যাবার ০৩ মাসের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি করতে হবে।	পরিচালক (প্রশাঃ ও সাঃ সাঃ)
৫.	খরচের হিসাব নিয়মিত সমন্বয় সাধন।	(১) অগ্রিম অর্থের জন্য নোট অনুমোদনের পূর্বে টাকা খরচের বিষয়ে প্রতিটি নোটের জন্য ক্রয় কমিটি গঠন করতে হবে। উক্ত কমিটির সভাপতির নামে চেকের মাধ্যমে টাকা প্রদান করতে হবে। (২) কমিটির মাধ্যমে ক্রয় সম্পন্ন করে ৭ (সাত) দিনের মধ্যে সমন্বয় সাধন করতে হবে।	সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ উপ-পরিচালক (অর্থ)
৬.	শূন্য পদে লোক নিয়োগ	শূন্য পদে জনবল নিয়োগ কার্যক্রম আরও ত্বরান্বিত করতে হবে।	পরিচালক (প্রশাঃ ও সাঃ সাঃ)
৭.	ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন	(১) সকল বিভাগীয়/শাখা প্রধানগণকে আবশ্যিকভাবে ই-নথির মাধ্যমে শতভাগ কার্য সম্পন্ন করতে হবে। (২) ই-নথির কাজ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে ডেডিকেটেড ব্যান্ডউইথ ৩০ এমবিপিএস পর্যন্ত আগামী ১ মাসের মধ্যে বৃদ্ধি করতে হবে। (৩) মন্ত্রণালয়ের সকল চিঠি ই-নথি ব্যবস্থাপনার মাধ্যমে পত্রজারি করে প্রেরণ করতে হবে। প্রশাসন শাখাকে এ বিষয়ে আরো সচেতন হতে হবে। (৪) জুন, ২০১৮ মাসের মধ্যে ভিডিও কনফারেন্স আয়োজন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালকগণ/সকল বিভাগীয়/শাখা প্রধান







